

2024-01-12

দেহের নিরাময় থেকে মনের পরিচর্যা পর্যন্ত: বিকাশমান চিকিৎসা পেশা থেকে শিক্ষাগত উৎকর্ষে অধ্যক্ষ Dodson-এর অসাধারণ যাত্রা

DCSD-এর বর্তমান বছরের সেরা অধ্যক্ষের পাবলিক এডুকেশনে নেতৃত্ব দেওয়ার ক্ষেত্রে ভাগ্যের হস্তক্ষেপ ছিল

Redan High School-এর ব্যস্ত হলগুলোতে অধ্যক্ষ Vitella Dodson-এর উপস্থিতি প্রতিভা এবং গভীর আবেগের উদাহরণ। গত নভেম্বরে DeKalb County School District-এর 2023-2024 সালের জন্য বছরের সেরা অধ্যক্ষ নির্বাচিত হওয়ার কথা তিনি কখনো কল্পনাও করতে পারেননি। এর কারণ হলো সাদা কোট এবং স্টেথোস্কোপ সহযোগে তার দৃষ্টি নিবন্ধ ছিল বিকাশমান চিকিৎসা পেশার দিকে।

শিক্ষার দিকে তার ঝুঁকে পড়া প্রায় ঘটনাক্রমে ঘটে।

"আমি মেডিকেল স্কুলে পড়ার সময় শিক্ষকতার সিদ্ধান্ত নেই, যা আমার কর্মজীবনের গতিপথ পরিবর্তন করে দেয়," অধ্যক্ষ Dodson ব্যাখ্যা করে বলেন।

এই হস্তক্ষেপকারী সিদ্ধান্ত শিক্ষাদানের বিস্ময়কর জগতের জন্য একটি আবেগকে জাগিয়ে তোলে, বিশেষ করে Dunwoody High School-এ তার প্রিয় বিষয় বিজ্ঞানের অনুপ্রেরণাদায়ক শিক্ষকদের কল্যাণে।

"আমি অবিলম্বে শিক্ষকতার প্রেমে পড়ে যাই এবং আমার শিক্ষার্থীদের সাথে সংযুক্ত হই। আমি তাদের পরবর্তী স্তরে বিজ্ঞানের জন্য প্রস্তুত করতে চেয়েছিলাম," অধ্যক্ষ Dodson বলেন।

কয়েকজন উল্লেখযোগ্য বিজ্ঞান শিক্ষকের কল্যাণে তিনি Hightower Elementary, Peachtree Junior High, এবং Dunwoody High-তে পড়ার সময় বিজ্ঞানের প্রতি তার গভীর আবেগকে খুঁজে পান। তিনি তার শিক্ষার্থীদের মধ্যে একই উৎসাহ জাগিয়ে তুলতে চান, যে লক্ষ্য তিনি অবশ্যই অর্জন করেছেন।

অধ্যক্ষ Dodson-এর DCSD-এর বছরের সেরা অধ্যক্ষ হিসেবে নির্বাচন শুধুমাত্র পেশাগত প্রশংসা ছিল না। স্কুল ডিস্ট্রিক্টের সদস্য এবং দীর্ঘদিনের অনুগত কর্মচারী হিসাবে তার ফিরে আসার কারণে এটি আরও অনেক অর্থ বহন করে।

"এক বছর ছাড়া আমার পুরো কাজের ইতিহাস DeKalb-এর সাথে। যে ডিসট্রিক্ট ডিসট্রিক্ট আমাকে শিক্ষিত করেছে এবং যেখানে আমি শিক্ষাবিদ হিসেবে আমার সময় কাটিয়েছি, সেখান থেকে পুরস্কার পাওয়া একটি অসাধারণ সম্মানের বিষয়," তিনি গর্বিতভাবে বলেন।

অধ্যক্ষ Dodson-এর শিক্ষাগত পটভূমি তার কর্মজীবনের পথের মতোই বৈচিত্র্যময়। তিনি University of Georgia থেকে বায়োকেমিস্ট্রি এবং মলিকুলার বায়োলজিতে স্নাতক ডিগ্রি এবং Grand Canyon University থেকে পাঠ্যক্রম এবং নির্দেশনার উপর জোরসহ মাধ্যমিক শিক্ষায় স্নাতকোত্তর এবং বিশেষজ্ঞ ডিগ্রি অর্জন করেছেন।

ডিসট্রিক্টের মধ্যে তার কর্মজীবনের গতিপথ উল্কাপিণ্ডের চেয়ে কম ছিল না। তিনি Redan High School-এ শুরু করেন, যেখানে তিনি প্রাথমিকভাবে বিজ্ঞান পড়ান। Redan এবং Lithonia High School-এ একাডেমিক

প্রশিক্ষক এবং সহকারী অধ্যক্ষ হিসাবে কাজ করার সময় থেকে 2020 সালে Redan High School-এর অধ্যক্ষ হিসাবে নির্বাচিত হতে তার বেশি সময় লাগেনি।

"Redan High School-এর মতো কোনো স্থান নেই," তিনি বলেন। "শিক্ষার্থী এবং কর্মচারীরা পরিবারের মতো আচরণ করে। আমাদের Redan-এ একটি কথা আছে, 'এক সময়ের রাইডার, সবসময়ই রাইডার', যা স্কুল কমিউনিটির পরিবেশকে মূর্ত করে। "এই স্কুল ইতিহাস ও গুণে সমৃদ্ধ এবং অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করাটা সম্মানের বিষয়।"

অধ্যক্ষ Dodson-এর সহকারীরা Redan High School-এ তার অনস্বীকার্য প্রভাবের বিষয়টি লক্ষ্য করেছেন। Redan-এর ব্যতিক্রমী শিক্ষা বিভাগের সভাপতি Dr. Monique Robinzine, তার নেতৃত্ব শৈলীর প্রশংসা করেছেন।

"তার দূরদর্শী নেতৃত্বের মাধ্যমে তিনি সহযোগিতা এবং উদ্ভাবনের সংস্কৃতি তৈরি করেছেন, গতিশীল শিক্ষার পরিবেশ গড়ে তুলেছেন," বলেন Dr. Robinzine। "তার খোলা দরজা নীতি এবং উদ্বেগের কথা শোনার ইচ্ছাও ইতিবাচক স্কুল পরিবেশ তৈরি করেছে, যেখানে শিক্ষার্থী এবং কর্মচারীরা নিজেদের গুরুত্বপূর্ণ হিসাবে এবং সহায়ক পরিবেশের অনুভূতি লাভ করে।"

অধ্যক্ষ Dodson-কে একজন সেবক নেতা হিসাবে বর্ণনা করে Redan High School-এর সহকারী অধ্যক্ষ Dr. Stacey Barlow এই অনুভূতির প্রতিধ্বনি করেন।

"তার প্রাথমিক ফোকাস হলো স্কুলের উন্নয়ন এবং মঙ্গল, যাতে থাকবে প্রত্যেকের অন্তর্ভুক্তি। তিনি আপনাকে মাঝারি মানের বা গড় স্তরের হতে দেবেন না," Dr. Barlow বলেন। "তার উন্নয়নের মানসিকতা আপনার সুস্থতার বিষয়ে সত্যিকারের পরিচর্যা করার সক্ষমতার সাথে মেলে। তার লক্ষ্য হলো সেবা প্রদান এবং বিকাশ সাধন করা। Mrs. Dodson-এর সহানুভূতি, চরিত্র, যোগ্যতা এবং ধারাবাহিকতা Redan High School-কে সব ক্ষেত্রেই এগিয়ে রেখেছে।"

বছরের সেরা অধ্যক্ষ হোক বা না হোক, Dodson তার ভূমিকাকে শুধুমাত্র প্রশাসনিক অবস্থানের চেয়ে বেশি হিসাবে দেখেন। দীর্ঘস্থায়ী সংযোগ তৈরি করতে এবং আগামী বছরগুলোতে জীবনকে প্রভাবিত করার ক্ষেত্রে জনশিক্ষার অবিশ্বাস্য শক্তির কারণে তিনি সমস্ত শিক্ষক এবং কর্মচারীর একত্রে কাজ করার পক্ষে একজন বলিষ্ঠ প্রবক্তা।

"আমি এই কাজে একা নই, এবং Redan High School বিদ্বানদের জন্য সেরা স্থান মর্মে নিশ্চিত করার জন্য আমি অন্যদের সাথে সহযোগিতা করার সুযোগ পেয়েছি," তিনি বলেন।

অধ্যক্ষ Vitella Dodson-এর উচ্চাকাঙ্ক্ষী মেডিকেল ডাক্তার থেকে শিক্ষায় রূপান্তরমূলক ব্যক্তিত্বের এই যাত্রা যে কারো গভীর আবেগ অনুসরণ করার শক্তির প্রমাণ, তা আপনি দেখতে পাচ্ছেন। তার গল্প কেবল আমরা যেসব পথ বেছে নিয়েছি সে সম্পর্কিত নয়, বরং সে সম্পর্কিত যা আমাদের নির্বাচন করে, এমন গন্তব্যের দিকে নিয়ে যায় যা আমরা কল্পনাও করিনি, তবুও যেখানে আমাদের অবস্থান।